

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ এপ্রিল ২০২২

খাতুনগঞ্জ-চাজাই এলাকায় ইফতার সামগ্রী বিতরণকালে মেয়র
জব্বের বলী খেলা ছিল বৃটিশ বিরোধী আন্দোলনের অংশ
এখান থেকে অন্যান্য ও জুলুমের বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস পাই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, খাতুনগঞ্জ-চাজাই হচ্ছে সারা বাংলাদেশের প্রধান ব্যসসা কেন্দ্র। দেশের আমদানি কারকদের শীর্ষে তাদের স্থান। এখানকার ব্যবসায়ীদের যে কোন সমস্যা হলে সারা বাংলাদেশের মানুষের সমস্যা হিসেবে অংশিদার হতে হয়। তাই খাতুনগঞ্জ-চাজাইয়ের জলজট সমস্যাসহ যে সমস্যা আছে তা অগ্রাধিকার দিয়ে সামধান করতে হবে। আজ শুক্রবার বিকেলে খাতুনগঞ্জ এপ্যালো চত্বরে বস্ত্রিরহাট ওয়ার্ড কাউন্সিলর হাজী নূরুল হকের ব্যক্তিগত উদ্যোগে প্রায় পাঁচ হাজার অসহায় দুঃস্থ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ কালে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আলহাজ্ব জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন চিটাগাং চেম্বারের সাবেক পরিচালক আলহাজ্ব ছগির আহমেদ, এস এম হারুনুর রশীদ, দিপঙ্কর চৌধুরী কাজল, মীর আহমদ সওদাগর, মান্না বিশ্বাস, দোলন দাশ, প্রশান্ত ভট্টাচার্য, এস এম আব্বাস উদ্দীন, এমদাদুল হক রায়হান, তাপস কান্তি, আজিজুল ইসলাম আজিজ প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম সারাদেশে রাজনৈতিক ও সংস্কৃতিতে অগ্রণী ভূমিকা পালন করে। বারই বৈশাখে চট্টগ্রামের লালদিঘী ময়দানকে ঘিরে বলি খেলা ও বৈশাখী মেলার ঐতিহ্য সর্বজনীন ভাবে খ্যাত। বিগত দুই বছর করোনার কারণে খেলা ও মেলা অনুষ্ঠান করা সম্ভব হয় নাই। এখন পরিস্থিতি অনেক ভালো। তাই মানুষের আগ্রহ ও বিনোদনের বিষয়টি গুরুত্ব বিবেচনায় জব্বারের বলি খেলা ও বৈশাখী মলা অনুষ্ঠিত হবে বলে জানান। তিনি বলেন, জব্বের বলী খেলা ছিল বৃটিশ বিরোধী আন্দোলনের অংশ। চট্টগ্রামের গৌরবের ও ঐতিহ্যের অংশকে আমরা মাঠ ব্যবহার করতে না পারলেও মাঠের বাইরে কিভাবে করায় তা বিবেচনায় নেব।

সাংবাদিক মোস্তফা কামাল পাশার মৃত্যুতে
মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সাংবাদিক কলামিস্ট মোস্তফা কামাল পাশার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। এক শোক বার্তায় তিনি বলেন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সদস্য সাংবাদিক মোস্তফা কামাল পাশা মুক্তিযুদ্ধের চেতনা ও গণমানুষের পক্ষে কাজ করে গেছেন। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩